



Govt. of the People's Republic of Bangladesh
Bangladesh Meteorological Department
Storm Warning Center
Agargaon, Dhaka-1207

Phone:9135742, 9141437
FAX : 8118230,9119230
Email: info@bmd.gov.bd
swc@bmd.gov.bd
Web site: www.bmd.gov.bd

আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর ০৯ (নয়), তারিখ: ১৯.০৫.২০১৬ খ্রিঃ

পশ্চিমমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় 'রোয়ানু' (জঙঅঘট) কার্যতঃ স্থির থেকে একই এলাকায় (১৫.৫৫ উত্তর অক্ষাংশ এবং ৮১.৫৫ পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ সন্ধ্যা ০৬:০০ টায় (১৯ মে, ২০১৬ খ্রিঃ) চট্টগ্রাম সমুদ্র বন্দর থেকে ১৩৬৫ কিঃমিঃ দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ১৩৩৫ কিঃমিঃ দক্ষিণপশ্চিমে, মংলা সমুদ্রবন্দর থেকে ১১৮৫ কিঃমিঃ দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্র বন্দর থেকে ১২১৫ কিঃমিঃ দক্ষিণপশ্চিমে অবস্থান করছে। এটি আরও ঘনীভূত হয়ে উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হতে পারে।

ঘূর্ণিঝড় কেন্দ্রের ৫৪ কিঃ মিঃ এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ৬২ কিঃমিঃ যা দম্কা অথবা ঝড়োহাওয়ার আকারে ৮৮ কিঃ মিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। ঘূর্ণিঝড় কেন্দ্রের নিকটবর্তী এলাকায় সাগর খুবই উত্তাল রয়েছে।

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৪ (চার) নম্বর পুনঃ ০৪ (চার) নম্বর স্থানীয় হুঁশিয়ারি সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে উপকূলের কাছাকাছি থাকতে বলা হয়েছে, যাতে তারা স্বল্প সময়ের নির্দেশে নিরাপদ আশ্রয়ে যেতে পারে। সেই সাথে তাদেরকে গভীর সাগরে বিচরণ না করতে বলা হয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(এনডিআরসিসি)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ৫১.০০.০০০০০.৪২৩.৪০.০০৪.১২-১৪৬

তারিখঃ ১৯/০৫/২০১৬ খ্রিঃ।

দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশাবলীর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। বিষয়টি অত্যন্ত জরুরী।

স্বাক্ষরিত/-
(মোঃ আমিনুল ইসলাম)
উপ-সচিব (এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৬৬৬৩

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল।
- ২। জেলা প্রশাসক, চট্টগ্রাম/কক্সবাজার/নোয়াখালী/ফেনী/লক্ষীপুর/চাঁদপুর/খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট/বরিশাল/ঝালকাঠি/পিরোজপুর/ভোলা/পটুয়াখালী/বরগুনা/গোপালগঞ্জ/শরিয়তপুর/মাদারীপুর।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপকূলীয় উপজেলা।

সদয় অবগতির জন্যঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (দুর্যোগ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৪। অতিরিক্ত সচিব (দুর্যোগ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৫। মহা পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। এনপিডি, সিডিএমপি, ঢাকা।
- ৭। যুগ্ম-সচিব (ত্রাণ)/(দুর্যোগ)/(প্রশাসন)/(দুর্যোগ/প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৯। পরিচালক, সিপিপি, মগবাজার, ঢাকা।
- ১০। উপ-সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।